JAN. 25 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ............ পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

# পাঠ্যপুস্তক সংকট শিগগিরই সমাধানের কোন সম্ভাবনা নেই

ইনকিলাব রিপোর্ট ঃ মাধ্যমিক পর্যায়ের ৬০টি নতুন বইয়ের মুদ্রণ ও বাজারজাতকরণের দায়িত্বপ্রাপ্ত একক প্রতিষ্ঠান "পুস্তকা' চলতি মাসের মধ্যে অর্ধেক বই সরবরাহ করতে সক্ষম হবে না। এ অবস্থায় পাঠ্য বই সংকট শিগগিরই সমাধানের কোন সম্ভাবনা নেই।

"পুস্তকা' গত ২০ জানুয়ারী ৬ষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বাংলা, অংক ও ইংরেজী এবং নবম শ্রেণীর জন্য ইংরেজী, বাংলা গদ্য, বাংলা পদ্য, বীজ গণিত ও জ্যামিতিসহ মোট ১৪টি বই বাজারজাত করেছে। পুস্তকা রাজধানীতে খুচরা পুস্তক বিক্রেতা সমবায়

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

# পাঠ্যপুস্তক সংকট সমাধানের সম্ভাবনা নেই

৮-এর পৃষ্ঠার পর

সমিতির সদস্য ৫৪টি দোকানের মাধ্যমে এবং আরো কিছু প্রতিষ্ঠানের মাধ্যমে প্রথমত বই বাজারজাত করে। একই সাথে 'পুস্তকা' অন্যান্য মেট্রোপলিটন শহরেও বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে বই বাজারজাত করেছে।

রাজধানী খুচরা পুস্তক বিক্রেতা সমবায় সমিতির সূত্রে জানা গেছে, ৩০ লাখ বইয়ের চাহিদা রয়েছে, এযাবৎ পাওয়া গেছে ৭০ হাজার বই। পুস্তকার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৯ অথবা ৩০ জানুয়ারী ৬ষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত সমাজ বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান ও ইসলামিয়াত এই তিনটি বই বাজারজাত করবে একই প্রক্রিয়ায়। এ অবস্থায় বিভিন্ন শ্রেণীর প্রধান ৬টি বিষয় ভিত্তিক বইয়ের আংশিক সরবরাহ বাজারে আসার সম্ভাবনা রয়েছে। বর্তমান সরবরাহের ধারা অব্যাহত থাকলে চলতি জানুয়ারী মাসে পুস্তক মেট্রোপলিটন এলাকায় সর্বোচ্চ ৪৫ ভাগ চাহিদা পূরণ করতে সক্ষম হবে। কিন্তু অন্যান্য এলাকার চাহিদা পূরণের হার হবে অনেক কম। পুস্তকার একটি সূত্রে বলা হয়েছে, বিপুল পরিমাণ বইয়ের ছাপার কাজ সম্পন্ন হয়েছে। বাইন্ডারের অভাবে চাহিদা অনুপাতে বাজারে বই সরবরাহে বিঘ্ন ঘটছে। তাদের মতে, চলতি মাসের মধ্যে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত প্রধান ৬টি বইয়ের সরবরাহ বাজারজাত করা সম্ভব হবে। পুস্তকার অপর একটি সূত্রে জানা গেছে একই ব্রান্ডের নিউজপ্রিন্ট কাগজের অভাব থাকার কারণে মুদ্রণ কাজে বিলম্ব হচ্ছে। আর বাইন্ডারের অভাবে মুদ্রিত সব বই বাজারজাত করা কঠিন হচ্ছে। এদিকে অবিলম্বে পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীদের হাতে পৌছানোর দাবীতে ছাত্র ফেডারেশন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভা-মিছিল অব্যাহত রয়েছে। পুস্তক প্রকাশক বিক্রেতা সমিতি প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন এবং বাংলাদেশ পুস্তক বিক্রেতা দোকান মালিক সমিতি পাঠ্যপুস্তক সংকট নিরসনে ১৯৯৭-এর অনুরূপ পদক্ষেপ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।

জানুয়ারীতেই এবং বিনামূল্যে বই প্রদানের দাবীতে জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে বাংলাদেশ ছাত্র ফেডারেশন কেন্দ্রীয় কমিটির উদ্যোগে গতকাল এক ছাত্র-শিক্ষক, অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তাগণ জানুয়ারীতেই বই দেবার দাবীতে ছাত্র আন্দোলন গড়ে তোলার জন্য ছাত্র ফেডারেশনকে অভিনন্দন জানান। বক্তাগণ আরো বলেন, বই দুর্নীতির সাথে যুক্ত সংশ্লিষ্ট সকলকে শাস্তি না দিয়ে রাষ্ট্র তার শিক্ষাবিরোধী চরিত্রই উন্মোচন করেছে।

বাংলাদেশ পুস্তক বিক্রেতা দোকান মালিক সমিতির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে সমিতির সভাপতি জনাব আলহাজ্জ কালাম মজুমদারের সভাপতিত্বে কার্যকরী পরিষদে এক সভা অনুষ্ঠিত হয়।